জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।
Website:www.janatabank-bd.com

রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
ফোন নং- ৯৫৫৮৪২১

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর:৮১১/১৮

তারিখ: ২২ এপ্রিল, ২০১৮
০৯ বৈশাখ, ১৪২৫

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/
জনতা ব্যাংক স্টাফ কলেজ/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় ঃ কাঁচাপাট রপ্তানিকারকদের বিরাজমান সমস্যা সমাধানের লক্ষ্যে ব্লক ঋণ সুবিধা প্রদানের নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২৪ এপ্রিল, ২০১৭ তারিখের স্মারক নং-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৭-১০৯ এবং বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং ০৩ তারিখ ০২.০৫.১৭ এর মাধ্যমে সকল তফসিলি ব্যাংক সমূহকে প্রদত্ত নির্দেশনার আলোকে কাঁচাপাট রপ্তানিকারকদের বিরাজমান সমস্যা সমাধানের লক্ষ্যে একটি নীতিমালা বোর্ড অব ডিরেক্টরস এর ১১.০৪.২০১৮ তারিখে অনুষ্ঠিত ৫১৯ তম সভায় অনুমোদিত হয়েছে, যা নিম্নরুপ:

কাঁচাপাট রপ্তানিকারকদের ব্লক ঋণ সুবিধা প্রদানের নীতিমালা:

১.০০ ব্লক ঋণ সুবিধা প্রাপ্তির যোগ্যতাঃ

- কাঁচাপাট রপ্তানিকারক ঋণগ্রহীতাগণ এ সুবিধা প্রাপ্য হবেন।
- বিদ্যমান ব্লক ঋণ গ্রহীতাগণও এ সুবিধার আওতায় আসবেন।
- কেসের গুণাগুণ (Merit) অনুযায়ী কেস- টু- কেস ভিত্তিতে কাঁচাপাট রপ্তানি ব্যবসায় ক্ষতিগ্রস্ত হয়ে যাদের ঋণ অনিয়মিত ও শ্রেণীবিন্যাসিত হয়েছে তাদেরকেও এ সুবিধার আওতায় আনা যাবে।

২.০০. ব্লকতব্য ঋণের পরিমাণঃ

বিদ্যমান সিসি (হাইপো/প্লেজ) এবং ব্লকড হিসাবসহ কাঁচাপাট সংশ্লিষ্ট অন্যান্য ঋণ হিসাব এর সুদ ও আসলসহ হালনাগাদ লেজার স্থিতি/বকেয়া ।

৩.০০ সুদের হারঃ

৩.০১ ব্লক্‌ড হিসাবে স্থানান্তরিত ঋণের উপর cost of fund হারে সুদ আরোপযোগ্য হবে।

৩.০২ ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য হবে।

৪.০০ ঋণের মেয়াদ ঃ

অনুমোদন পত্র ইস্যুর তারিখ হতে ২ বছরের মরাটরিয়াম পিরিয়ডসহ ১০ (দশ) বছর।

৫.০০ জামানত:

- ব্লক ঋণ হিসাবের বিপরীতে বিদ্যমান বন্ধকীকৃত সহজামানত বহাল থাকবে।
- নতুন সৃষ্ট ব্লক ঋণ হিসাবের বিপরীতে মোট ব্লক ঋণস্থিতির বিপরীতে ১:০.৪০ সমমূল্যের সহজামানত গ্রহণ করতে হবে।
- ব্লক ঋণের বিপরীতে ১:০.৪০ সমমূল্যের সহজামানত পূর্বের গৃহীত জামানত দ্বারা আবৃত না হলে অতিরিক্ত সহজামানত গ্রহণ করতে হবে।
- বিদ্যমান প্লেজ ঋণের প্রাথমিক জামানত হিসেবে গৃহীত কাঁচাপাটের মূল্যের ২০% মার্জিন সংরক্ষণপূর্বক ঋণঝুঁকি নিরসন তথা ঋণের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

বিষয় ঃ কাঁচাপাট রপ্তানিকারকদের বিরাজমান সমস্যা সমাধানের লক্ষ্যে ব্লক ঋণ সুবিধা প্রদানের নীতিমালা প্রসঙ্গে।

৬.০০ পরিশোধ পদ্ধতি ঃ

- ২ বছরের মরাটরিয়াম পিরিয়ড শেষ হওয়ার পর অবশিষ্ট ৮ বছরে ৩২টি ত্রৈমাসিক কিস্তিতে সুদসহ ঋণ পরিশোধ করতে হবে।
- মরাটোরিয়াম পিরিয়ডে প্রতি রপ্তানি/বিক্রয়বিল হতে বিল মূল্যের ৩% হারে কর্তন করে ফান্ড বিল্ড আপ করতঃ সান্ড্রি ডিপোজিট হিসাবে জমা রাখতে হবে, যাহা মরাটরিয়াম পিরিয়ড এর পরে ব্লক হিসাবে স্থানান্তর করতে হবে।
- মরাটরিয়াম পিরিয়ড উত্তীর্ণের পর হতে রপ্তানি বিল মূল্যের ৫% হারে কর্তন করতে হবে ।
- কর্তনকৃত অর্থ দ্বারা যদি ব্লক হিসাবের ত্রৈমাসিক কিস্তি সমন্বিত না হয় তাহলে ঘাটতি অর্থ ঋণ গ্রহীতার নিজস্ব উৎস হতে পরিশোধ করতে হবে।
- পর পর ০২ (দুই) টি কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ব্লকড সুবিধা বাতিল বলে গণ্য হবে এবং ঋণের সমুদয় বকেয়া আদায়ের জন্য সোলেনামা মূলে স্থগিতকৃত মামলা পুনরায় চালু/ অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৪৬ ধারা অনুসরণ করে মামলা দায়ের করতে হবে।

৭.০০ নতুন ঋণ প্রদান ঃ

- ঋণগ্রহীতার চাহিদা ও ব্যাংকার- গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নতুন ঋণ প্রদানের বিষয়টি বিবেচনা করা যাবে।
- প্রস্তাবিত ব্লক ঋণ সুবিধা গ্রহণকারী ঋণগ্রহীতাদের অনুকূলে নতুন করে ঋণসীমা মঞ্জুরীর ক্ষেত্রে কোনভাবেই পূর্বতন লিমিট অতিক্রম করা যাবেনা এবং ঋণের প্রকৃতি ও পরিবর্তন করা যাবেনা।
- বিদ্যমান ঋণের বকেয়া ব্লক হিসাবে স্থানান্তরের পর নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণ গ্রহীতার নামে হালনাগাদ ক্লিন সিআইবি রিপোর্ট থাকতে হবে।
- কাঁচাপাট রপ্তানি ব্যবসায় ক্ষতিগ্রস্ত হয়ে যাদের ঋণ অনিয়মিত ও শ্রেণীবিন্যাসিত হয়েছে তাদেরকে এ সুবিধার আওতায় আনার ক্ষেত্রে কেসের গুণাগুণ (Merit) অনুযায়ী কেস- টু- কেস ভিত্তিতে নতুন ঋণ প্রদানের বিষয় বিবেচনা করা যেতে পারে।
- নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুযায়ী সহজামানত গ্রহণ করতে হবে।
- নতুন ভাবে গৃহীতব্য সহজামানত স্থাবর সম্পত্তি বা এফডিআর আকারে নেয়া যাবে।
- ব্লক ঋণ সুবিধা ভোগকারী গ্রাহককে নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে বিদ্যমান নিয়ম-নীতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৮.০০ ঋণ শ্রেণীকরণ ও প্রভিশনিং ঃ

- নির্ধারিত সময়ে ঋণ আদায় না হলে প্রচলিত নিয়মে ঋণ শ্রেণীকরণ করতে হবে এবং প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ করতে হবে।

৯.০০ অন্যান্য শর্তাবলীঃ

- ব্লক ঋণ সুবিধা গ্রহণের জন্য কাঁচাপাট রপ্তানিকারকদের ৩০.০৬.২০১৮ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় আবেদন করতে হবে।
- যে সকল ঋণ হিসাবের বকেয়া ব্লক হিসাবে স্থানান্তর হবে সে সকল ঋণের বিদ্যমান ঋণ সীমা বাতিল বলে গণ্য হবে।
- ঋণ হিসাবসমূহ ব্লক একাউন্টে স্থানান্তর হয়ে গেলে বিচারাধীন এতদসংক্রান্ত চলমান মামলা গুলো সোলেনামার মাধ্যমে উভয়পক্ষ কর্তৃক স্থগিত রাখা যেতে পারে।

উপরোক্ত নীতিমালা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জারি করা হ'ল।

আপনার বিশ্বস্ত

মোঃ আব্দুল হালিম
উপ-মহাব্যবস্থাপক

মোহাম্মদ সাইফুল আলম
মহাব্যবস্থাপক